JUN. 30 2002

যুগান্তর

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... কলাম ...

# জুলাইয়ের প্রথম সপ্তাহে ডিগ্রি পরীক্ষার ফল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

জুলাই মাসের প্রথম সপ্তাহে ডিগ্রি পরীক্ষার ফল প্রকাশিত হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে গত ১০ জানুয়ারি থেকে অনুষ্ঠিত ডিগ্রি পরীক্ষায় ৩ লাখ ৩২ হাজার পরীক্ষার্থী অংশ নিয়েছিল। জাতীয় বিশ্ববিদ্যালয় সূত্র জানিয়েছে, কম্পিউটারের মাধ্যমে ডিগ্রি পরীক্ষার ফলাফল প্রস্তুত প্রক্রিয়া দ্রুতগতিতে এগিয়ে চলছে। ৭ থেকে ৮ দিনের মধ্যে চূড়ান্ত ফল তৈরি হবে।